Leadership capacity in community	Leadership capacity in community is the ability of all organizational leaders to create and sustain the vision; and to inspire, provide direction, make decisions, and innovate on the path to achieving the organizational mission
Technical knowhow (in social mobilisation tools and methods)	Technical knowhow is the organization's ability to implement social mobilization tools and methods particularly in the local level campaign and advocacy.
Resource/financial sustainability	Resource Sustainability Maintaining financial stability in order to adapt to changing environments. Using collaboration and networking with community leaders and funders for resource mobilization.
Understanding on feminism and how its fit with programs	Ability of WROs in the feminist leadership development and program implementation which specific focus on gender equality, women empowerment and economic justice.

Source: Core Capacity Assessment Tool Sample Organization (tccgroup, 2018)

Interview questionnaire for Head of the organization

1. What are the mandates of your organization?
 2. Are you regularly involved in women's rights campaign related activities?
 YES NO
 3. What are the specific issues, you campaign for?
 4. What are the specific unit/projects/program for land rights movement?
 5. Something tell about your story.
 6. When did you started your work and what are your achievements?
 7. How many team members (paid) working with you?
 8. How many team members (volunteering) working with you?
 9. Do you have any accounts persons?
 10. Do you have any admin persons?
 11. Do you have any gender expert?
 12. How many of your board members are locally-based?
 13. Does your team have clear understating on family code/inheritance property law/religious law in relation to land and water bodies rights?
 YES NO
 14. If no, please explain more details.
 15. Do your group members are struggling with land ownership conflicts and threats of grabbing?
 YES NO
 16. If yes, please describe how you support to them?
 17. Do you have any understanding on feminist/women leadership?
 18. Do you have any gender expert in your organization?
 19. How many programs are you implementing now?
 20. What is your prime focus of programme?
 21. Who is funding those?
 22. What is the total funding size in last year?
 23. What are the other activities which can be supportive for working for women's land rights movement?
 24. Do you have good relationship with local administrative and local government authorities?
 YES NO
- If yes, then mark out of 10 points.

25. Is there any mentionable work or program related to land rights movement done previously?
26. What are main challenges for your organization (internal) in taking initiatives for land rights movements or advocating for the rights?
27. What are main external challenges in taking initiatives for movements building or advocating for the land rights?
28. Please share your dea why on women’s land right is important for women’s empowerment and how it can be made a development agenda for Bangladesh?

Annex-D

Questions/ checklist for focus group discussion

1. How many years are you working or attached with this organization?
2. Do you know what are main activities of this organization?
3. Are you involved in any women’s rights related activities?

YES

NO

4. If yes, then what are the programs for women rights movement?

If no, then answer question no 5

5. What are the other activities of your organization which can be supportive for working for women’s rights movement?
6. Do you know local government authorities or offices that work for women’s right?
7. Do you think women’s land rights is important to address gender equality?

YES

NO

8. Why?
9. Your campaign activities that you tried in last year, (any of successful or failed)
10. Is there any mentionable work or program related to land right movement done previously?
11. Please share your idea why on women’s land right is important for women’s empowerment?
12. What are main challenges for land right movements or advocating for the rights?
13. What the strengths that can be utilized for taking initiatives for women’s land rights movement?
14. Your solutions that support women’s equal properties rights?

Individual capacity assessment information of each organization

নারীর ভূমি অধিকার নেটওয়ার্কের সদস্যদের প্রাথমিক জরিপ

১. সংগঠনের নাম: আদিবাসী নারী পরিষদ, দিনাজপুর।

শিবানী উড়াও, সভাপতি, আদিবাসী নারী পরিষদ, দিনাজপুর।

সেক্রেটারী: রানী হাসদা, সেক্রেটারী (সার্বিক দায়িত্ব পালন করেন), আদিবাসী নারী পরিষদ, দিনাজপুর।

সক্ষমতা যাচাইয়ের সুনির্দিষ্ট ক্ষেত্র সমূহ:

১. নেতৃত্বদানে সক্ষমতা/Leadership Capacity: : আদিবাসী নারী পরিষদ দিনাজপুরের ২০১৫ সাল হতে আদিবাসী সাঁওতাল ও উড়াওদের ১৩ টি ইউনিয়ন এর ১৩ টি কমিটির মাধ্যমে নেতৃত্ব দিয়ে থাকে এবং জেলা পর্যায়ে তাদের একটি কমিটির মাধ্যমে আদিবাসীসহ সাধারণ নারীদের অধিকার আদায়ে আন্দোলনে নেতৃত্ব দিয়ে থাকে। স্থানীয় পর্যায়ে নেতৃত্বদান সহ নারীদের অধিকার আন্দোলনে প্রতিরোধ সমাবেশ ও মানববন্ধন পরিচালনা করে থাকে। ১৪ কমিটিতে মোট ৩৫০ জন সদস্য রয়েছে।

২. ব্যবস্থাপনার সক্ষমতা/Management Capacity (ফাল্ড, কর্মী, ফিল্ড): একটি কেন্দ্রীয় কমিটি সহ ইউনিয়ন পর্যায়ে ১৩ টি কমিটির মাধ্যমে তারা সংগঠনের কার্যক্রম পরিচালনা করে থাকে। আদিবাসী নারী পরিষদের ২ জন কর্মী রয়েছে। কমিটির নির্বাহী সদস্যরা সংগঠনের ভলেন্টিয়ার হিসেবে কাজ করে থাকে। সংগঠনের সেক্রেটারী রানী হাসদা সার্বিক কার্যক্রম পরিচালনা করে থাকেন। স্থানীয় আদিবাসী নারীদের মাধ্যমে স্থানীয় পর্যায়ে সুষ্ঠু নেতৃত্বদানের সক্ষমতা রয়েছে।

৩. নতুন বিষয় গ্রহণের ক্ষমতা/Adoption Capacity: : আদিবাসী নারী পরিষদ সাঁওতাল ও উড়াও দের ভূমি অধিকার রক্ষা সহ নারী নির্যাতন প্রতিরোধ, নারীর দক্ষতা বৃদ্ধি, বাল্য বিবাহ প্রতিরোধ, নিজেস্ব সংস্কৃতি রক্ষা ও চর্চার কাজ করে আসছে। জমিকে কেন্দ্র করে সমতলের আদিবাসী নারীরা যে যৌন ও শারীরিক নির্যাতনের শিকার হয় তা প্রতিরোধে নিজেদের সক্ষমতা বৃদ্ধির জন্য কাজ করছে। নারী ও নারীর অধিকার রক্ষায় তারা নতুন নতুন বিষয় নিয়ে কাজ করতে আগ্রহী।

৪. সক্ষমতা/Strength: : সংগঠনের একতা, যুব সদস্য দ্বারা নেতৃত্বদান, সংগঠনের প্রতি আনুগত্য, নারী অধিকার আন্দোলনের জন্য প্রতিবাদী মনোভাব।

৫. দুর্বলতা/Weakness: : সংগঠনটি একেবারেই নতুন এখনও পর্যন্ত কোন প্রকার নিবন্ধন করতে পারে নাই। মহিলা বিষয়ক অধিদপ্তর ও সমাজসেবা হতে নিবন্ধনের চেষ্টা করছে।

৬. ক্ষমতায়ন/Empowerment: : স্থানীয়, সাংস্কৃতিমনা, নারীর অধিকার রক্ষা ও নারী ক্ষমতায়নে কাজ করা সংগঠনের প্রকৃতি। নারীদের নেতৃত্বে পরিচালিত (সমতল) আদিবাসী নারীদের নিয়ে কাজ করা সংগঠন।

৭. সংগঠনের প্রকৃতি/Organisation Culture: নারীর অধিকার রক্ষা ও স্থানীয় পর্যায়ে আদিবাসী নারীদের উন্নয়ন মূলক সংগঠন। এটি মূলত একটি স্থানীয় নারী অধিকার ভিত্তিক সংগঠন।

৮. প্রযুক্তিগত সক্ষমতা/Technical Capacity: সংগঠন যুব নেতৃত্ব দ্বারা পরিচালিত। সংগঠন যেহেতু সবেমাত্র কাজ শুরু করেছে তাদের প্রযুক্তিগত দক্ষতা কম। প্রাথমিক অবস্থায় সংগঠনকে যুব সদস্যরা প্রযুক্তিগত সার্পোর্ট দিয়ে থাকেন।

৯. **যোগাযোগের দক্ষতা/Communication skill** (স্থানীয়, রাজনৈতিক ও জাতীয় পর্যায়ে): স্থানীয় প্রশাসন ও সাংবাদিকদের সঙ্গে ভাল সম্পর্ক রয়েছে।

১০. **সম্পদের স্থায়িত্ব/Resource Sustainability**: : কাপেং ফাউন্ডেশনের মাধ্যমে ইউনিয়ন পর্যায়ে কমিটি গঠন ও পরিচালনার জন্য ২ লক্ষ টাকার অনুদান পেয়েছে। এছাড়াও সাংস্কৃতিক চর্চা ও নাটকে অংশগ্রহণের মাধ্যমে অনুদান সংগ্রহ করে সংগঠনের কার্যক্রম পরিচালনায় ব্যবহার করা হয়ে থাকে। সংগঠনের মাধ্যমে সভা, মানববন্ধন, মিছিল, সমাবেশ ও বিভিন্ন দিবস উদযাপন করা হয়ে থাকে।

২. সংগঠনের নাম:

এসোসিয়েশন ফর কমিউনিটি ডেভেলপমেন্ট (এসিডি), রাজশাহী।

সুবরিনা শারমিন, প্রোগ্রাম ডিরেক্টর, এসিডি, রাজশাহী।

এস.এম আহসান উল্লাহ সরকার, প্রোগ্রাম কোঅর্ডিনেটর, এসিডি।

সক্ষমতা যাচাইয়ের সুনির্দিষ্ট ক্ষেত্র সমূহ:

১. **নেতৃত্বদানে সক্ষমতা/Leadership Capacity**: এসিডি নারী ও শিশু অধিকার নিয়ে ১৯৮৯ সাল হতে রাজশাহী এলাকায় কাজ করে আসছে। প্রথমে চাতাল নারী শ্রমিকদের অধিকার নিয়ে কাজ শুরু করে। মানবাধিকার ও শিশু অধিকার রক্ষায় কাজ করে এবং নারীর ক্ষমতায়ন ও নেতৃত্বেও বিকাশ, মানব পাচার রোধ, পারিবারিক নির্যাতন প্রতিরোধ, শিশু অধিকার রক্ষা সহ নারীর রাজনৈতিক সক্ষমতা উন্নয়নের এডভোকেসী ও নেটওয়ার্কিং এর নেতৃত্বদানে সক্ষমতা রয়েছে। সংগঠন ও ফান্ড ব্যবস্থাপনায় দক্ষ, এছাড়াও সংগঠনটি শিশু শিক্ষার জন্য ল্যানিং সেন্টার পরিচালনা সহ নারীদের আর্থিক সক্ষমতা বৃদ্ধি ও কিশোরীদের মধ্যে নেতৃত্বের বিকাশ ও বাল্যবিবাহ প্রতিরোধে কাজ করে থাকে। এছাড়াও কমিউনিটি বেজড সংগঠনের সক্ষমতার উন্নয়নে কাজ করে থাকে।

২. **ব্যবস্থাপনার সক্ষমতা/Management Capacity** (ফান্ড, কর্মী, ফিল্ড): সংগঠনটির মাঠ পর্যায়ের নারী ও কিশোরী সদস্য সংখ্যা প্রায় ৬৫০০জন। ইউনিসেফ, সেভ দ্যা চিল্ড্রেন সহ বিভিন্ন আন্তর্জাতিক দাতা সংস্থার অনুদানে কাজ করেছেন। এসিডি'র একটি দক্ষ টিম রয়েছে। কর্মী, ফান্ড, বেনেফিসিয়ারী, তথ্য ব্যবস্থাপনার যথেষ্ট সক্ষমতা রয়েছে। গত বছরের বাজেট ছিল প্রায় ২.৫ কোটি টাকা।

৩. **নতুন বিষয় গ্রহণের ক্ষমতা/Adoption Capacity**: দক্ষ ও অভিজ্ঞ টিমের মাধ্যমে সংগঠনটি নতুন নতুন বিষয়ে কাজ করতে সক্ষম এবং আগ্রহী। অবশ্যই বিষয়টিকে নারী ও শিশুর অধিকার রক্ষার সাথে সম্পর্কযুক্ত থাকতে হবে।

৪. **সক্ষমতা/Empowerment**: কর্মী ব্যবস্থাপনা, স্থানীয় পরিচিতি, বিভিন্ন নেটওয়ার্কের সাথে যুক্ত থাকা, দীর্ঘদিনের কাজের অভিজ্ঞতা, জাতীয় পর্যায়ে তথ্য অধিকার আইনে সহায়তার জন্য পরিচিতি, দক্ষ হিসাব ও প্রোগ্রাম পরিচালনার টিম, রিপোর্ট ও রিসার্চ পেপার ও ডকুমেন্ট তৈরিতে সক্ষমতা রয়েছে।

৫. **দুর্বলতা/Weakness**: ফান্ড এর পরিমাণ কমে আসছে।

৬. ক্ষমতায়ন/Empowerment: দলের সদস্য নারী ও কিশোরীদের ক্ষমতায়নের পাশাপাশি নেটওয়ার্ক এর সদস্যদের সক্ষমতা বৃদ্ধিও মাধ্যমে জাতীয় পর্যায়ে এডভোকেসির সক্ষমতা রয়েছে।

৭. সংগঠনের প্রকৃতি/Organization Culture: স্থানীয় নারী ও শিশুর অধিকার নিয়ে কাজ করা সংগঠন।

৮. টেকনিক্যাল সক্ষমতা/Technical Capacity: সংগঠন পরিচালনা, ফান্ড এর যথাযথ ব্যবহার, কর্মী পরিচালনা, হিসাব সংরক্ষণ ও রিপোর্ট তৈরিতে সংগঠনের যথাযথ দক্ষতা রয়েছে।

৯. যোগাযোগের দক্ষতা/Communication skill: (স্থানীয়, রাজনৈতিক ও জাতীয় পর্যায়ে): তথ্য অধিকার আইন তৈরিতে গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন। স্থানীয় থেকে জাতীয় পর্যায়ে যোগাযোগের দক্ষতা রয়েছে এবং তাদের সম্পর্ক অনেক ভাল। নেটওয়ার্ক এর মাধ্যমে কাজ করার সফল অভিজ্ঞতা রয়েছে।

১০. সম্পদের স্থায়িত্ব/Resource Sustainability: সম্পূর্ণ দাতা সংস্থার অনুদানের উপর নির্ভরশীল। তাদের অন্য কোন উৎস নেই।

৩. সংগঠনের নাম:

আচিক মিচিক সোসাইটি, মধুপুর, টাঙ্গাইল।

সুলেখা ঞঃ, নির্বাহী পরিচালক, আচিক মিচিক সোসাইটি, মধুপুর, টাঙ্গাইল।

সক্ষমতা যাচাইয়ের সুনির্দিষ্ট ক্ষেত্র সমূহ:

১. নেতৃত্বদানে সক্ষমতা/Leadership Capacity: ভূমি দখল এর প্রতিরোধের আন্দোলনকে কেন্দ্র করে ২০০৪ সালে আচিক মিচিক সোসাইটি সৃষ্টি হয়। স্থানীয় পর্যায়ে আদিবাসী নারী কোচ ও গারো সহ বাঙ্গালী নারীদের নিয়ে ৪৩ টি গ্রামে ২২ টি কমিটির ৪০০ জন সদস্য এর নেতৃত্বদানের মাধ্যমে আচিক মিচিক সোসাইটি কাজ করে থাকে।

২. ব্যবস্থাপনার সক্ষমতা/Management Capacity : (ফান্ড, কর্মী, ফিল্ড): আচিক মিচিক সোসাইটির নির্বাহী কমিটিতে সদস্য সংখ্যা—০৯ জন, সাধারণ কমিটি—৩৫ জন এছাড়াও ৪০০ জন ভলেন্টিয়ার রয়েছে। এছাড়াও প্রকল্প পরিচালনার জন্য প্রকল্প ভিত্তিতে একটি কমিটি গঠন করা হয়। বর্তমানে তাদের মাত্র ১ জন বেতনভুক্ত কর্মী আছেন। প্রকল্প ভিত্তিক তারা কমিটি গঠনের মাধ্যমে সংগঠনের কার্যক্রম পরিচালনা করে থাকেন। একশন এইডের নারী নেতৃত্ব উপর ৩ বছর মেয়াদী প্রকল্প, জিটুজেড এর অর্থায়নে ৭ বছর মেয়াদী, মানুষের জন্য ফাউন্ডেশন এর ৩ বছর মেয়াদী প্রকল্প এ কাজ করেছে। বর্তমানে আইপিডিএস, নাগরিক উদ্যোগ, এএলআরডি ও বাদাবন সংঘ'র সাথে কাজ করেছে। ২০১৪ সাল থেকে তাদের সরাসরি কোন প্রকল্প নেই।

৩. নতুন বিষয় গ্রহণের ক্ষমতা/Adoption Capacity: আদিবাসীদের ভূমি রক্ষাকে কেন্দ্র করে আচিক মিচিক সোসাইটির সৃষ্টি হলেও নারীর অধিকার রক্ষায় প্রশিক্ষণ এর মাধ্যমে নারীর সক্ষমতা বৃদ্ধি, যুব নেতৃত্ব তৈরি, শিক্ষা, পরিবেশ সংরক্ষণ, গারোদের ঐতিহ্য ও সংস্কৃতি রক্ষায় কাজ করে আসছে। এছাড়াও বিভিন্ন নারীরা যাতে সেবা পায় সেজন্য এডভোকেসী করে থাকেন।

৪. সক্ষমতা/Strength: তাদের ভূমি আন্দোলনের ইতিহাস পুরো দেশের কাছে পরিচিত। ৪৩ টি গ্রামে তাদের ৪০০ জন সদস্য রয়েছেন যারা সংগঠনের জন্য ভলেন্টিয়ার হিসেবে কাজ করে থাকেন। বর্তমানে তাদের কোন ফান্ড না থাকলেও তারা নিজেরা চাঁদা তুলে বিভিন্ন দিবস উদযাপন ও নারীদের আইনীসেবা প্রদান করে থাকেন।

৫. দুর্বলতা/Weakness: বিদেশী দাতা সংস্থার ফান্ডের জন্য যে এনজিও বুয়েয়ার রেজিস্ট্রেশন দরকার তা জানা ছিল না। বর্তমানে রেজিস্ট্রেশনের প্রক্রিয়া অত্যন্ত জটিল এবং দাতা সংস্থা ফান্ড দেওয়ার অঙ্গিকারপত্র না থাকলেও সেটা সম্ভব নয়। বর্তমানে আমাদের পক্ষে একজন কর্মী রেখে প্রজেক্ট প্রপোজাল লেখাবো সেই সক্ষমতাও নেই যার ফলে আইপিডিএর এর সাথে একটি প্রকল্পে কাজ হচ্ছে এই প্রকল্পের মাধ্যমেই একজন কর্মীর বেতন দেওয়া হয়।

৬. ক্ষমতায়ন/Empowerment: জস্টিনা নকরেক মহিলা ভাইস চেয়ারম্যান রয়েছেন। এছাড়াও ১৩ জন ইউপি সদস্য রয়েছে যাদের মধ্যে ৩ জন নারী। পুরুষ ১০ জন ইউপি সদস্যদের মধ্যে ৯ জন গারো এবং ১ জন কোচ এবং নারীরা সকলেই গারো সম্প্রদায়ের। এদের নেতৃত্ব বিকাশে এর পিছনে আটক মিচিক সোসাইটি গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছে।

৭. সংগঠনের প্রকৃতি/Organisation Culture: সংগঠনটি মহিলা বিষয়ক অধিদপ্তর ও সমাজসেবা অধিদপ্তর হতে নিবন্ধন গ্রহণের মাধ্যমে স্থানীয় পর্যায়ে ১৮ বছর ধরে আদিবাসী নারী অধিকার নিয়ে কাজ করে আসছে।

৮. টেকনিক্যাল সক্ষমতা/Technical Capacity: কর্মী কম থাকায় ও সংগঠনের বর্তমান কোন ফান্ড না থাকায় টেকনিক্যাল সক্ষমতায় কিছুটা ঘাটতি রয়েছে।

৯. যোগাযোগের দক্ষতা/Communication skill: (স্থানীয়, রাজনৈতিক ও জাতীয় পর্যায়ে): যাদের নিজেদের জমি রেকর্ড আছে তাদের সাথে ছাড়া ভূমি অফিস অন্য আদিবাসীদের সাথে যোগাযোগ খুবই কম করে। এছাড়া বন বিভাগ, সমাজসেবা অধিদপ্তর, কৃষি বিষয়ক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ইউএনও অফিস ও ডিসি অফিসের সাথে সম্পর্ক খুবই ভাল। এমনকি সমাজসেবা অধিদপ্তর থেকে তাদের অফিসের ঘর এর জন্য সহযোগিতা করছে এবং অন্যান্য অফিসে গেলে তারা সংগঠনের কথা শোনে এবং সহযোগিতার চেষ্টা করে।

১০. সম্পদের স্থায়িত্ব/Resource Sustainability: আদিবাসীদের ঐতিহ্যবাহী পোশাক, হস্তশিল্পের জিনিস তৈরি ও বিক্রির মাধ্যমে এবং কমিটির সদস্যদের চাঁদা গ্রহণের মাধ্যমে সংস্থার বিভিন্ন কার্যক্রম যেমন: দিবস উদযাপন, সমাবেশ, নারীদের আইনী সেবা প্রদান করে থাকে।

৪. সংগঠনের নাম:

নকশীকাঁথা, শ্যামনগর, সাতক্ষীরা।

চন্দ্রিকা ব্যানার্জী, নির্বাহী পরিচালক, নকশীকাঁথা, শ্যামনগর, সাতক্ষীরা।

সক্ষমতা যাচাইয়ের সুনির্দিষ্ট ক্ষেত্র সমূহ:

১. নেতৃত্বদানে সক্ষমতা/Leadership Capacity: নকশীকাঁথা ১৯৯৩ সাল হতে সাল হতে সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলায় কাজ শুরু করেন। নারী অধিকার সহ বিভিন্ন সময় বাল্যবিবাহ বন্ধ, নারী নির্যাতন প্রতিরোধ, নারী কৃষক এর অধিকার, নারীর আর্থিক সক্ষমতা বৃদ্ধি, খাসজমিতে নারী অধিকার, প্রাকৃতিক দুর্যোগ প্রতিরোধে সচেতনতা বৃদ্ধি, নারী শিক্ষা ও নারী নেতৃত্ব তৈরিতে কাজ করেছে এবং স্থানীয় পর্যায়ে নারীর অধিকার প্রতিষ্ঠায় নেতৃত্বদানে সক্ষম।

২. ব্যবস্থাপনার সক্ষমতা/Management Capacity : (ফান্ড, কর্মী, ফিল্ড): গত বছরের সর্বমোট বরাদ্দ ছিল প্রায় ১ কোটি ৭৮ লক্ষ টাকা। ডিএসও, জিআইজেড, ব্রাক, সহ বিভিন্ন দাতা সংস্থার ফান্ডের কাজ করেছেন। উত্তরণ এর মাধ্যমে খাস জমি নিয়ে কাজ শুরু করেন। বর্তমানে তাদের ৫,০০০ সদস্য রয়েছে এবং ১১ টি গ্রামে ১১ টি যুব কমিটি রয়েছে যাদের মাধ্যমে তারা এলাকার উন্নয়ণে কাজ করে আসছেন।

৩. নতুন বিষয় গ্রহণের ক্ষমতা/Adoption Capacity: নকশীকাঁথা বাল্যবিবাহ বন্ধ, নারী শিক্ষার মাধ্যমে নারীর অধিকার নিয়ে তার কার্যক্রম শুরু করলেও দুর্যোগ মোকাবিলা, নারীর অর্থনৈতিক সক্ষমতা বৃদ্ধি, ভার্টি কম্পোস্ট সার তৈরি ও লবন সহিষ্ণু চাষাবাদের মাধ্যমে নারী কৃষক তৈরি সহ নারীর ভূমি অধিকার প্রতিষ্ঠার ভিন্ন বিষয় নিয়ে কাজ করেছেন। আদিবাসী মুন্ডাদের জমি দখলকে কেন্দ্র করে ভূমিদখল প্রতিরোধে প্রতিবাদ সমাবেশ ও মানববন্ধন করেন।

৪. সক্ষমতা/Strength: প্রায় ২৯ বছর ধরে নকশীকাঁথা সংস্থা নারী ও যুব নারীদের সাথে কাজ করে আসছে এবং এলাকা পর্যায়ে তাদের যথেষ্ট সুনাম রয়েছে এবং ৫০০০ গ্রুপ সদস্য রয়েছে এটাই তাদের সবচেয়ে বড় সক্ষমতা। এছাড়াও সর্বজন গ্রাহ্য ও কার্যকর কার্যনির্বাহী কমিটি, দক্ষ ও অভিজ্ঞ কর্মী, সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের সাথে সু—সম্পর্ক, স্বেচ্ছাসেবক রয়েছে।

৫. দুর্বলতা/Weakness: স্থানীয় সংগঠন অনেক সময় দাতা সংস্থা চায় তাদের ডিজাইন করা প্রকল্প ও কাজ সংগঠন করুক। কিন্তু সংগঠনের লক্ষ্য ও উদ্দেশ্য এক না হওয়ায় এখন অনুদানের পরিমাণ অনেক কমে আসছে।

৬. ক্ষমতায়ন/Empowerment: ১০০ জন নারীকে সফল উদ্যোক্তা হিসেবে তৈরি করেছেন। এছাড়াও দলের নারীরা স্থানীয় পর্যায়ে অন্যান্য কমিটিতে নেতৃত্ব দিচ্ছে।

৭. সংগঠনের প্রকৃতি/Organisation Culture: ১৯৯৩ সাল হতে সাল হতে স্থানীয় নারীর ক্ষমতায়নের জন্য সাতক্ষীরা শ্যামনগরে নকশীকাঁথা কাজ করে আসছে। মহিলা বিষয়ক অধিদপ্তর, যুব উন্নয়ন, সমবায় হতে রেজিস্ট্রেশন গ্রহণের মাধ্যমে নারীর আর্থিক সক্ষমতা বৃদ্ধির জন্য কাজ করে আসছে।

৮. টেকনিক্যাল সক্ষমতা/Technical Capacity: বর্তমানে সংগঠনে ১৩ জন কর্মী ও ২ জন মিডওয়াইফ এবং ১ জন কম্পিউটার অপারেটর রয়েছে। এছাড়াও ২২ জন ভলেন্টিয়ারের মধ্যে সংগঠন মাঠ পর্যায়ে নিজের কার্যক্রম পরিচালনা করে থাকে।

৯. যোগাযোগের দক্ষতা/Communication skill: (স্থানীয়, রাজনৈতিক ও জাতীয় পর্যায়ে): স্থানীয় পর্যায়ের সকল দপ্তর, প্রশাসন ও অন্যান্য সংস্থার সাথে খুবই ভাল সম্পর্ক রয়েছে।

১০. সম্পদের স্থায়িত্ব/Resource Sustainability: নারী দলের সমবায় রয়েছে যার মাধ্যমে সংগঠন পরিচালনা, কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র এর মাধ্যমে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে নিজেদের রিসোর্স মোবাইলাইজ করে।

৫. সংগঠনের নাম:

সিঁড়ি, পটুয়াখালী, বরিশাল।

এড. চান চান রাখাইন, নির্বাহী পরিচালক, সিঁড়ি, পটুয়াখালী, বরিশাল।

সক্ষমতা যাচাইয়ের সুনির্দিষ্ট ক্ষেত্র সমূহ:

১. নেতৃত্বদানে সক্ষমতা/Leadership Capacity: কুয়াকাটা ও তালতলীতে ১০ টি গ্রুপের ১০০ জন নারী নেত্রীকে নিয়ে রাখাইন সমাজের প্রতিনিধিত্ব করছে। ভূমি দস্যুদের দ্বারা বা প্রভাবশালীদের ভূয়া ওয়ারিশকাম সার্টিফিকেট গ্রহণের মাধ্যমে বেআইনীভাবে ভূমি দখল হলেই নারীরা সবাই মিলে তার প্রতিবাদ করছে। সিঁড়ি'র নারী নেতাদের নেতৃত্ব দেবার সক্ষমতা রয়েছে।

২. ব্যবস্থাপনার সক্ষমতা/Management Capacity: (ফান্ড, কর্মী, ফিল্ড): সিঁড়ির কার্যকরী কমিটির সদস্য ৭ জন এবং তারা সবাই নারী। এছাড়াও সাধারণ পরিষদের সদস্য ৩৫ জন যারা প্রত্যেকে নারী। বর্তমানে বেতন ভুক্ত একজন কর্মীর সংখ্যা দুইজন। একজন প্রোগ্রাম অফিসার, একজন হিসাব রক্ষক এবং নির্বাহী পরিচালক। এছাড়াও ১০ জন আদিবাসী যুব নারী— পুরুষ ভলেন্টিয়ার হিসেবে কাজ করছে।

৩. নতুন বিষয় গ্রহণের ক্ষমতা/Adoption Capacity: ২০২০ সাল হতে সিঁড়ি নিজের কাজ শুরু করলেও বিভিন্ন বিষয় নিয়ে ইতিমধ্যেই কাজ শুরু করেছে। সংগঠনটির নতুন বিষয় নিয়ে কাজের সক্ষমতা রয়েছে।

৪. সক্ষমতা/Strength: আইনগত সহায়তা প্রদান সহ আদিবাসী নারীদের সংগঠন হওয়ায় আদিবাসীদের বিষয়গুলো ভালোভাবে বোঝা ও তাদের প্রয়োজনীয় সহায়তা প্রদানের সক্ষমতা রয়েছে।

৫. দুর্বলতা/Weakness: নতুন সংগঠন ও আর্থিক সংকটের জন্য দক্ষ কর্মী ও প্রয়োজনীয় কর্মী নিয়োগে অপারগতা।

৬. ক্ষমতায়ন/Empowerment: সংস্থাটি বিভিন্ন সংগঠনের মাধ্যমে সদস্যদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে ক্ষমতায়ন করে থাকে।

৭. সংগঠনের প্রকৃতি/Organisation Culture: স্থানীয় ও আদিবাসী নারীদের অধিকার নিয়ে কাজ করা সংগঠন। জমির পাশাপাশি নারী নির্যাতন প্রতিরোধ, নারীদের সচেতনতা বৃদ্ধি, দক্ষতার উন্নয়ন ও নারীর অধিকার প্রতিষ্ঠা নিয়ে কাজ করে আসছে।

৮. টেকনিক্যাল সক্ষমতা/Technical Capacity: প্রকল্পের দুইজন কর্মীর মাধ্যমে আপাতত সংগঠন পরিচালনা টেকনিক্যাল সার্পোর্ট দেওয়ার সক্ষমতা রয়েছে।

৯. যোগাযোগের দক্ষতা//Communication skill (স্থানীয়, রাজনৈতিক ও জাতীয় পর্যায়ে): স্থানীয় সরকার ও অন্যান্য সরকারি দপ্তর সিঁড়ি এর সাথে তেমন পরিচয় নেই কারণ সিঁড়ি সরকারি রেজিস্ট্রেশন পেয়েছেন মাত্র ৫ মাস। কিন্তু পূর্বে কাজের সূত্রে, আইনজীবী হওয়ায় সংগঠনের পরিচালকের বিভিন্ন দপ্তরে ও অন্যান্য এনজিও এবং জনপ্রতিনিধিদের সাথে ভাল সম্পর্ক রয়েছে।

১০. সম্পদের স্থায়িত্ব/Resource Sustainability: আই.সি.এ শেয়ার ট্রাস্ট ও সুন্দরবন কোয়ালিশনের মাধ্যমে একটি দুর্যোগ ব্যবস্থাপনা একটি প্রকল্প রয়েছে। তাঁত শিল্পীদের কর্মসংস্থানের মাধ্যমে একটি তাঁতশিল্পের কারখানা তৈরি পরিকল্পনা করছেন।

৬. সংগঠনের নাম:

বিশম্ভরপুর রুরাল ডেভেলপমেন্ট সোসাইটি (বি আর ডি এস), সুনামগঞ্জ।
জান্নাত মরিয়ম, সভাপতি ও নির্বাহী পরিচালক, বি আর ডি এস, সুনামগঞ্জ।
সক্ষমতা যাচাইয়ের সুনির্দিষ্ট ক্ষেত্র সমূহ:

১. নেতৃত্বদানে সক্ষমতা/Leadership Capacity: সুনামগঞ্জের হাওড় এলাকার হাওড়ের উপর নির্ভরশীল নারীদের ক্ষমতায়ন ও নেতৃত্বের বিকাশের জন্য কাজ করছে। হাওড়ের বেশিরভাগ স্থানই ইজারাদারদের দখলে থাকে নারীরা সেখানে স্বাধীনভাবে মাছ ধরতে পারে না। জলাশয়ের নারীর অধিকার প্রতিষ্ঠার জন্য স্থানীয় পর্যায়ে নেতৃত্ব দিয়ে থাকেন।

২. ব্যবস্থাপনার সক্ষমতা/Management Capacity (ফান্ড, কর্মী, ফিল্ড): যুব উন্নয়ন অধিদপ্তর, সমাজসেবা অধিদপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর, পরিবার কল্যান মন্ত্রণালয়, নারী ও শিশু অধিদপ্তর বেশিরভাগ সরকারি অনুদানে কাজ করেছেন। এছাড়াও এএলআরডি, বিট্রিশকাউন্সিল হতে কিছু অনুদান পেয়ে ইতিমধ্যে কাজ করেছে। গত বছর অনুদানের পরিমাণ ছিল প্রায় ৮ লক্ষ টাকা। বর্তমানের ৭ জন কর্মী আছে এবং ২৫ জন ভলেন্টিয়ার রয়েছে এবং মাঠ পর্যায় প্রায় ৪৭০০ নারী ও কিশোরী সদস্য রয়েছে।

৩. নতুন বিষয় গ্রহণের ক্ষমতা/Adoption Capacity: নারীর সক্ষমতা বৃদ্ধি, ক্ষমতায়ন, নেতৃত্ব বিকাশ, অধিকার রক্ষা ও নারী উদ্যোক্তা তৈরি সহ নতুন বিষয়ে কাজ করার সক্ষমতা সংগঠনটির রয়েছে।

৪. সক্ষমতা/Strength: স্থানীয় সংগঠন ও স্থানীয় নারীদের নিয়ে কাজ করার জন্য সুপরিচিত এবং সরকারি দপ্তর ভাল সরকারি অনুদান নিয়ে কাজ করছে এখানে তারা অনেক ভাল এডভোকেন্সি করতে পারবেন। একটি বড় সংখ্যক নারী দল তাদের কাজকে সমর্থন করেন যা নারীর অধিকার আন্দোলনকে স্থানীয় পর্যায়ে শক্তিশালী রূপ দিতে সক্ষম। এছাড়াও কর্মী সহ কমিটির সদস্যদের বিভিন্ন এনজিওতে কাজ করার অভিজ্ঞতা রয়েছে যা সংগঠনের কাজকে আরও গতিশীল করতে সক্ষম।

৫. দুর্বলতা/Weakness: ফান্ড যা আছে সেগুলো বেশিরভাগ সরকারি এবং টাকার পরিমাণ খুবই কম। সরকারের প্রকল্প অনুসারে কাজ করতে হয়। ফান্ড কম থাকায় কর্মীরা ও কমিটির সদস্যরা অন্য কাজের সাথে যুক্ত থাকতে হয় যার ফলে পুরোপুরি সময় সংগঠনকে দিতে পারেন না।

৬. ক্ষমতায়ন/Empowerment: স্থানীয় পর্যায়ে নারীর ক্ষমতায়নের ও নেতৃত্ব উন্নয়নে কাজ করছে। শামসুরনাহার ও শেফালী নামের দুইজন নারীর নেত্রী স্থানীয় বিভিন্ন কমিটিতে যুক্ত হয়েছে।

৭. **সংগঠনের প্রকৃতি/Organization Culture:** স্থানীয় ও আদিবাসী নারীদের অধিকার নিয়ে কাজ করা সংগঠন। জমির পাশাপাশি নারী নির্যাতন প্রতিরোধ, নারীদের সচেতনতা বৃদ্ধি, দক্ষতার উন্নয়ন ও নারীর অধিকার প্রতিষ্ঠা নিয়ে কাজ করে আসছে।

৮. **টেকনিক্যাল সক্ষমতা/Technical Capacity:** প্রকল্পের দুইজন কর্মীর মাধ্যমে আপাতত সংগঠন পরিচালনা টেকনিক্যাল সার্পোর্ট দেওয়ার সক্ষমতা রয়েছে।

৯. **যোগাযোগের দক্ষতা/Communication skill:** (স্থানীয়, রাজনৈতিক ও জাতীয় পর্যায়ে): স্থানীয় সরকার ও অন্যান্য সরকারি দপ্তর সিঁড়ি এর সাথে তেমন পরিচয় নেই কারণ সিঁড়ি সরকারি রেজিস্ট্রেশন পেয়েছেন মাত্র ৫ মাস। কিন্তু পূর্বে কাজের সূত্রে, আইনজীবী হওয়ায় সংগঠনের পরিচালকের বিভিন্ন দপ্তরে ও অন্যান্য এনজিও এবং জনপ্রতিনিধিদের সাথে ভাল সম্পর্ক রয়েছে।

১০. **সম্পদের স্থায়িত্ব/Resource Sustainability:** আই.সি.এ শেয়ার ট্রাস্ট ও সুন্দরবন কোয়ালিশনের মাধ্যমে একটি দুর্যোগ ব্যবস্থাপনা একটি প্রকল্প রয়েছে। তাঁত শিল্পীদের কর্মসংস্থানের মাধ্যমে একটি তাঁতশিল্পের কারখানা তৈরি পরিকল্পনা করছেন।

সংগঠনের নাম:

বিশ^স্তুরপুর রুরাল ডেভেলপমেন্ট সোসাইটি (বি আর ডি এস), সুনামগঞ্জ।

জান্নাত মরিয়ম. সভাপতি ও নির্বাহী পরিচালক, বি আর ডি এস, সুনামগঞ্জ।

সক্ষমতা যাচাইয়ের সুনির্দিষ্ট ক্ষেত্র সমূহ:

১. **নেতৃত্বদানে সক্ষমতা/Leadership Capacity:** সুনামগঞ্জের হাওড় এলাকার হাওড়ের উপর নির্ভরশীল নারীদের ক্ষমতায়ন ও নেতৃত্বের বিকাশের জন্য কাজ করেছে। হাওড়ের বেশিরভাগ স্থানই ইজারাদারদের দখলে থাকে নারীরা সেখানে স্বাধীনভাবে মাছ ধরতে পারে না। জলাশয়ের নারীর অধিকার প্রতিষ্ঠার জন্য স্থানীয় পর্যায়ে নেতৃত্ব দিয়ে থাকেন।

২. **ব্যবস্থাপনার সক্ষমতা/Management Capacity:** (ফান্ড, কর্মী, ফিল্ড): যুব উন্নয়ন অধিদপ্তর, সমাজসেবা অধিদপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর, পরিবার কল্যাণ মন্ত্রণালয়, নারী ও শিশু অধিদপ্তর বেশিরভাগ সরকারি অনুদানে কাজ করেছেন। এছাড়াও এএলআরডি, বিট্রিশকাউন্সিল হতে কিছু অনুদান পেয়ে ইতিমধ্যে কাজ করেছে। গত বছর অনুদানের পরিমাণ ছিল প্রায় ৮ লক্ষ টাকা। বর্তমানের ৭ জন কর্মী আছে এবং ২৫ জন ভলেন্টিয়ার রয়েছে এবং মাঠ পর্যায় প্রায় ৪৭০০ নারী ও কিশোরী সদস্য রয়েছে।

৩. **নতুন বিষয় গ্রহণের ক্ষমতা/Adoption Capacity:** নারীর সক্ষমতা বৃদ্ধি, ক্ষমতায়ন, নেতৃত্ব বিকাশ, অধিকার রক্ষা ও নারী উদ্যোক্তা তৈরি সহ নতুন বিষয়ে কাজ করার সক্ষমতা সংগঠনটির রয়েছে।

৪. **সক্ষমতা/Strength:** স্থানীয় সংগঠন ও স্থানীয় নারীদের নিয়ে কাজ করার জন্য সুপরিচিত এবং সরকারি দপ্তর ভাল সরকারি অনুদান নিয়ে কাজ করেছে এখানে তারা অনেক ভাল এডভোকেসি করতে পারবেন। একটি বড় সংখ্যক নারী দল তাদের কাজকে সর্মথন করেন যা নারীর অধিকার আন্দোলনকে স্থানীয় পর্যায়ে শক্তিশালী রূপ দিতে সক্ষম। এছাড়াও কর্মী সহ কমিটির সদস্যদের বিভিন্ন এনজিওতে কাজ করার অভিজ্ঞতা রয়েছে যা সংগঠনের কাজকে আরও গতিশীল করতে সক্ষম।

৫. **দুর্বলতা/Weakness:** ফান্ড যা আছে সেগুলো বেশিরভাগ সরকারি এবং টাকার পরিমাণ খুবই কম। সরকারের প্রকল্প অনুসারে কাজ করতে হয়। ফান্ড কম থাকায় কর্মীরা ও কমিটির সদস্যরা অন্য কাজের সাথে যুক্ত থাকতে হয় যার ফলে পুরোপুরি সময় সংগঠনকে দিতে পারেন না।

৬. **ক্ষমতায়ন/Empowerment:** স্থানীয় পর্যায়ে নারীর ক্ষমতায়নের ও নেতৃত্ব উন্নয়নে কাজ করছে। শামসুরনাহার ও শেফালী নামের দুইজন নারীর নেতৃত্ব স্থানীয় বিভিন্ন কমিটিতে যুক্ত হয়েছে।

৭. **সংগঠনের প্রকৃতি/Organisation Culture:** : স্থানীয় সংগঠন যা হাওড় এলাকায় নারী অধিকার নিয়ে কাজ করছে।

৮. **টেকনিক্যাল সক্ষমতা/Technical Capacity:** সংগঠন পরিচালনা সার্পোর্ট দেওয়ার কর্মীদের সক্ষমতা রয়েছে। এছাড়াও কর্মীরা অনলাইন ও অফলাইনে কাজ ও পরিচালনায় সক্ষম।

৯. **যোগাযোগের দক্ষতা/Communication skill :** (স্থানীয়, রাজনৈতিক ও জাতীয় পর্যায়ে): আদিবাসী চাকমাদের প্রধান রাজা, কোরবারি, হেডম্যানের সাথে ভাল সম্পর্ক থাকার পাশাপাশি চেয়ারম্যান, মানবাধিকার কমিশন সহ সরকারি দপ্তর এর কর্মকর্তাদের সাথে ভাল সম্পর্ক রয়েছে।

১০. **সম্পদের স্থায়িত্ব/Resource Sustainability:** আপাতত কোন প্রকার অনুদান নেই। আমাদের কোন প্রকার স্থায়ী কাজও শুরু করি নাই যেখান থেকে টাকা সংগ্রহ করে আমাদের সংগঠনের কার্যক্রম বাস্তবায়ন করব।

৮. সংগঠনের নাম:

তরঙ্গ মহিলা কল্যাণ সংস্থা, জামালপুর।

শামীমা খান, নির্বাহী পরিচালক, তরঙ্গ মহিলা কল্যাণ সংস্থা, জামালপুর।

আতিক সুমন, উপ—নির্বাহী পরিচালক, তরঙ্গ মহিলা কল্যাণ সংস্থা, জামালপুর।

সক্ষমতা যাচাইয়ের সুনির্দিষ্ট ক্ষেত্র সমূহ:

১. **নেতৃত্বদানে সক্ষমতা/Leadership Capacity:** টিএমকেএস নেতৃত্বদানে সক্ষমতা সম্পন্ন একটি সংস্থা। টিএমকেএস জেলা প্রশাসনের আইন শৃঙ্খলা কমিটিসহ বিভিন্ন কমিটির এনজিও প্রতিনিধি হিসেবে প্রতিনিধিত্ব করে। এনজিওদের বিভিন্ন সমন্বিত কর্মসূচিতে টিএমকেএস নেতৃত্বদানকারী সংস্থা হিসেবে দায়িত্ব পালন করে।

২. **ব্যবস্থাপনার সক্ষমতা/ Management Capacity:** (ফান্ড, কর্মী, ফিল্ড): টিএমকেএস জিএফসি, ইউএনওমেন, ইউএনএফপিএ, থ্রিসিচয়ান এইড, এমজেএফসহ বিভিন্ন সংস্থার ফান্ডে নানাবিধ প্রকল্প বাস্তবায়ন করেছে এবং করে যাচ্ছে। টিএমকেএস এর সর্বজন গ্রাহ্য ও কার্যকর কার্যনির্বাহী কমিটি রয়েছে। টিএমকেএস দক্ষ ও অভিজ্ঞ কর্মীদের সমন্বয়ে প্রকল্প বাস্তবায়ন করে। বর্তমানে টিএমকেএস এ নির্বাহী পরিচালক ও উপ—নির্বাহী পরিচালকসহ ১০জন দক্ষ ও অভিজ্ঞ কর্মী কাজ করে যাচ্ছেন। জামালপুর জেলার ৩টি উপজেলায় টিএমকেএস বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করছে।

৩. নতুন বিষয় গ্রহণের ক্ষমতা/Adoption Capacity: টিএমকেএস এর নতুন বিষয় গ্রহণের যথেষ্ট সক্ষমতা রয়েছে। সংস্থাটি শিক্ষা, স্বাস্থ্য, নারীর ক্ষমতায়ন, বাল্যবিবাহ রোধ, নারীর প্রতি সহিংসতা রোধ, নারী ও শিশু পাচার রোধ, সহিংসতার শিকার নারীদের আইনী সহায়তা প্রদান, নারীদের আয়বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান ইত্যাদি বিষয়ে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করেছে। সংস্থাটি জলবায়ু পরিবর্তনে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করেছে।

৪. সক্ষমতা/Strength: সর্বজন গ্রাহ্য ও কার্যকর কার্যনির্বাহী কমিটি, দক্ষ ও অভিজ্ঞ কর্মী, সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের সাথে সু—সম্পর্ক, নিবেদিতপ্রাণ স্বেচ্ছাসেবক ইত্যাদি।

৫. দুর্বলতা/Weakness: এনজিও ব্যুরোর রেজিস্ট্রেশন না থাকা, প্রকল্পের জন্য পার্টনার এনজিও'র নিকট নির্ভরশীলতা।

৬. ক্ষমতায়ন/Empowerment: সংস্থাটির কর্মীদের বিভিন্ন সময়ে বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করে কর্মসূচি পরিচালনা ও রিপোর্টিংসহ অন্যান্য বিষয়ে ক্ষমতায়িত করা হয়। বিভিন্ন বৈচিত্রমূলক কার্যসম্পাদন করে সংস্থাটি একটি ক্ষমতায়িত সংস্থায় পরিণত হয়েছে।

৭. সংগঠনের প্রকৃতি/Organisation Culture: টিএমকেএস সমাজসেবা অধিদপ্তর ও মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত একটি অলাভজনক সংস্থা, যা বিগত ২৭ বছর ধরে জামালপুরে কাজ করে যাচ্ছে।

৮. টেকনিক্যাল সক্ষমতা/Technical Capacity: সংস্থাটির কর্মীগণ আধুনিক প্রযুক্তি ব্যবহারে দাপ্তরিক কর্ম সম্পাদনে সক্ষম।

৯. যোগাযোগের দক্ষতা/Communication skill: (স্থানীয়, রাজনৈতিক ও জাতীয় পর্যায়ে): সংস্থাটি ও জাতীয় পর্যায়ে সরকারি ও বেসরকারি সংস্থা ও অংশীজনের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করে। সংস্থাটি অনলাইন ও অফলাইন সকল ক্ষেত্রে যোগাযোগ রক্ষা করতে সক্ষম।

১০. সম্পদের স্থায়িত্ব/Resource Sustainability: সংগঠনের নারী সদস্যদের মাধ্যমে হস্তশিল্পের বিভিন্ন জিনিস তৈরি ও বিক্রি করার মাধ্যমে নারীদের আত্মকর্মসংস্থান সৃষ্টি করেছে। পাশাপাশি নিজেদের সামাজিক ব্যবসায় এর মাধ্যমে সংগঠনের জন্য ফান্ড তৈরি করেছে।

৯. সংগঠনের নাম:

বাংলাদেশ হরিজন ঐক্য পরিষদ, ঢাকা।

পান্না লাল বাসফোড়, সাংগঠনিক সম্পাদক, বাংলাদেশ হরিজন ঐক্য পরিষদ, ঢাকা।

সক্ষমতা যাচাইয়ের সুনির্দিষ্ট ক্ষেত্র সমূহ:

১. নেতৃত্বদানে সক্ষমতা/Leadership Capacity: সারা বাংলাদেশে ৫৩ টি জেলায় ১৬৪৩ জন সদস্য নিয়ে ৫৩ টি কমিটির মাধ্যমে বাংলাদেশের প্রায় ১৫ লক্ষ হরিজন সম্প্রদায়ের মানুষের অধিকারের জন্য বাংলাদেশ হরিজন ঐক্য পরিষদ আন্দোলন করে থাকে। কেন্দ্রীয় কমিটি সহ জেলা পর্যায়ে কমিটিগুলোর মাধ্যমে সুন্দরভাবে নেতৃত্ব দিতে সক্ষম।

২. ব্যবস্থাপনার সক্ষমতা/Management Capacity: (ফান্ড, কর্মী, ফিল্ড): ১৬৪৩ জন সদস্য নিয়ে ৫৩ টি কমিটির ব্যবস্থাপনা কার্যক্রম সুশৃঙ্খল ও ঐক্যবদ্ধভাবে পরিচালনা করছে। মানুষের জন্য ফাউন্ডেশনের ফান্ডে কাজ করেছে। এছাড়াও তারা কমিটির সদস্যরা চাঁদা তুলে ও অনুদান সংগ্রহ করে সংগঠনের কার্যক্রম নিয়মিত পরিচালনা করে থাকে। ঢাকা সহ প্রতিটি জেলা পর্যায়ে তাদের কমিটির অফিস রয়েছে এবং তারা যেহেতু সবাই পরিচ্ছন্নতা পেশার সাথে যুক্ত কাজের পাশাপাশি তারা সংগঠনের কার্যক্রম পরিচালনা করে থাকেন। বর্তমানে ঢাকা অফিসে বাংলাদেশ হরিজন ঐক্য পরিষদের কেন্দ্রীয় কমিটির সভাপতি এবং সাধারণ সম্পাদক নিয়মিত অফিস করে থাকেন। মাসিক মিটিং এর মাধ্যমে তারা সংগঠনের কার্যক্রম পরিচালনা ও ব্যবস্থাপনা কেও থাকেন।

৩. নতুন বিষয় গ্রহণের ক্ষমতা/Adoption Capacity: হরিজন হিসেবে বাসস্থান, শিক্ষা, চাকুরী ও বৈষম্যহীন সমাজ তথা রাষ্ট্রের জন্য তারা আন্দোলন করে। কিন্তু এর পাশাপাশি যেখানে দলিত ও হরিজনদের অধিকার সহ সার্বজনীন স্বার্থ রক্ষা হবে সেবিষয়ে কাজ করতে আগ্রহী।

৪. সক্ষমতা/Strength: ঐক্যবদ্ধতা তাদের সবচেয়ে বড় সক্ষমতা। এছাড়াও জাতীয় পর্যায়ে তারা হরিজন সম্প্রদায়ের অধিকার আদায়ের আন্দোলনের জন্য পরিচিত। এছাড়াও এনজিও ব্যুরোর রেজিস্ট্রেশন রয়েছে আমাদের যা জাতীয় পর্যায়ে আমাদের আমাদেরকে আরও বেশি সহযোগিতা করবে।

৫. দুর্বলতা/Weakness: ফান্ড ও কর্মীর অপ্রতুলতা।

৬. ক্ষমতায়ন/Empowerment: হরিজন সম্প্রদায়ের শিক্ষার প্রসার, নেতৃত্ব বিশেষ করে করে হরিজন নারীদের নেতৃত্বের বিকাশ ঘটনাতে এবং নারীদের ঘরের বাইরে এনে ৫৩ টি কমিটিতে নারী নেত্রীদের বিভিন্ন পদে দায়িত্ব পালন করাতে পেরেছে।

৭. সংগঠনের প্রকৃতি/Organisation Culture: দেশব্যাপি হরিজন সম্প্রদায়ের তথা জাত বা বর্ণ বৈষম্যেও শিকার মানুষের অধিকার নিয়ে কাজ করে।

৮. টেকনিক্যাল সক্ষমতা/Technical Capacity: ৫৩ টি কমিটির ১৬৪৩ জন সদস্য যেহেতু বাংলাদেশ হরিজন ঐক্য পরিষদের পক্ষে ভলেন্টিয়ার হিসেবে কাজ করে এবং সংগঠনের মিটিং সহ বিভিন্ন কার্যক্রমে অংশগ্রহণ করে ফলে টেকনিক্যাল সার্পোর্ট দেওয়ার জন্য সংগঠন হিসেবে আমাদের যথেষ্ট সক্ষমতা রয়েছে।

৯. যোগাযোগের দক্ষতা/Communication skill: (স্থানীয়, রাজনৈতিক ও জাতীয় পর্যায়ে): স্থানীয় থেকে জাতীয় পর্যায়ে আমাদের বিভিন্ন সময় বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন সহ যোগাযোগের অভিজ্ঞতা সহ দক্ষতা রয়েছে।

১০. সম্পদের স্থায়িত্ব/Resource Sustainability: আমাদের কোন ফান্ড না থাকলেও আমাদের অধিকার আন্দোলনের লড়াই আমরা কমিটির সদস্যদের মাধ্যমে চাঁদা তুলে সংগঠনের কার্যক্রম অব্যাহত রাখব।

১০. সংগঠনের নাম:

জাগরণী মহিলা ফাউন্ডেশন, পটুয়াখালী।

কোহিনুর রিজভী, নির্বাহী পরিচালক, জাগরণী মহিলা ফাউন্ডেশন, পটুয়াখালী।

সক্ষমতা যাচাইয়ের সুনির্দিষ্ট ক্ষেত্র সমূহ:

১. নেতৃত্বদানে সক্ষমতা/Leadership Capacity: নারী শিক্ষার এই সামাজিক প্রতিবন্ধকতা দূর করতে এবং নারীদের শিক্ষার অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে ১৯৯১ সালে মহিলা বিষয়ক অধিদপ্তর হতে রেজিস্ট্রেশন গ্রহণের মাধ্যমে কাজ শুরু করেন। এলাকায় নারীদের শিক্ষার জন্য সচেতনতা বৃদ্ধি বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। এছাড়াও নির্যাতিত নারীদের সহায়তা, নারী নেতৃত্ব তৈরী, আর্থিক সক্ষমতা বৃদ্ধির জন্য, শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান এছাড়াও উপকূলীয় অঞ্চলে কাজ করায় দুযোগ মোকাবিলা সচেতনতা বৃদ্ধি, স্যানিটারী টয়লেট এবং বিশুদ্ধ পানি নলকূপ স্থাপনের কাজ করেন। কলাপাড়া ও তালতলীতে ৩০০ রাখাইন পরিবারের ভূমি রক্ষা সহ খাস জমিতে নারীর অধিকার প্রতিষ্ঠায়ও কাজ করেন। সংগঠনটির স্থানীয় পর্যায়ে নেতৃত্বদানের সক্ষমতা রয়েছে।

২. ব্যবস্থাপনার সক্ষমতা/Management Capacity : (ফান্ড, কর্মী, ফিল্ড): UNFP এর বাল্যবিবাহ বন্ধে কাজ করা, ঈডঋঞ এর কিশোর—কিশোরীদের সচেতন করা, ব্রিটিশ কাউন্সিলের এর কোয়ানিটি এডুকেশন, গণশিক্ষা এর ১৫—৩৫ বছরের গণশিক্ষা, পানি ও স্যানিটেশন এবং আইজিএ প্রশিক্ষণ প্রদান সহ ২২০ জন শিক্ষার্থীকে শিক্ষাবৃত্তি প্রদান। গত বছরের অনুদানের পরিমাণ ছিল প্রায় ৭২ লক্ষ টাকা। জাগরণী মহিলা ফাউন্ডেশন কার্যনির্বাহী পরিষদে সদস্য সংখ্যা—০৭ জন যাদের মধ্যে নারী ৪ জন এবং পুরুষ ৩ জন এবং উপদেষ্টা কমিটি—৩ জন যাদের মধ্যে ১ জন নারী এবং ২ জন পুরুষ রয়েছে। এছাড়াও সংস্থার কার্য পরিচালনার জন্য ১ জন সমন্বয়কারী, ১ জন হিসাব রক্ষক, ২ জন মাঠকর্মী এবং ৬ জন ভলেন্টিয়ার রয়েছে। এছাড়াও দুযোগ প্রতিরোধ কমিটি সহ ৪৫ জন সদস্য বিশিষ্ট সাধারণ কমিটি রয়েছে। প্রতিমাসে ৫০ টি উঠান বৈঠক সহ স্কুল কলেজে এডভোকেসী ও সচেতনতামূলক কর্মশালা ও সভার আয়োজন করা। নারীর অর্থনৈতিক সক্ষমতা বৃদ্ধির জন্য বিভিন্ন প্রশিক্ষণ প্রদান ও কাজের সাথে যুক্ত করা। নারী নির্যাতনের শিকার হলে তাকে আইনী সহায়তা ও ন্যায্য বিচার পেতে সহযোগিতা করা।

৩. নতুন বিষয় গ্রহণের ক্ষমতা/Adoption Capacity: সংস্থাটি শিক্ষা, স্বাস্থ্য, নারীর ক্ষমতায়ন, বাল্যবিবাহ রোধ, নারীর প্রতি সহিংসতা রোধ, আদিবাসীদের জমি ও অধিকার রক্ষা, সহিংসতার শিকার নারীদের আইনী সহায়তা প্রদান, নারীদের আয়বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান, নিরাপদ পানির জন্য নলকূপ স্থাপন ইত্যাদি বিষয়ে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করেছে।

৪. সক্ষমতা/Strength: মহিলা বিষয়ক অধিদপ্তর, যুব উন্নয়ন অধিদপ্তর ও জয়েন্ট স্টকের থেকে নিবন্ধন সংগ্রহের মাধ্যমে বর্তমানে প্রায় ৭৫০০ গ্রুপ সদস্য নিয়ে সংগঠনটি কাজ করেছে। স্থানীয় পর্যায়ে এডভোকেসী সহ সংগঠনটি অনেক আগে থেকে কাজ করে আসছে যার ফলে স্থানীয় প্রশাসন ও গণ্যমান্য ব্যক্তিগণ সংগঠনের কাজকে গুরুত্ব দেন। কোহিনুর রিজভী নিজে এলাকার বারবার নির্বাচিত ইউনিয়ন সদস্য তাই জনগণের মাঝেও যথেষ্ট গুরুত্ব পান যা নারীর অধিকারের বিষয়ে কাজ করতেও যথেষ্ট সাহায্য করে।

৫. দুর্বলতা/Weakness: বর্তমানে আমাদের যে ফান্ডগুলো খুবই ছোট ছোট যার ফলে কর্মী নিয়োগ দেওয়া খুবই কঠিন। কর্মীর কম এবং আর্থিক সংকট থাকার কারণে প্রকল্পের কর্মসূচীর বাইরের অন্যান্য কর্মসূচী পরিচালনা করা সম্ভব হচ্ছে না।

৬. **ক্ষমতায়ন/Empowerment:** উপবৃত্তি প্রদান, শিক্ষার হার বৃদ্ধি সহ প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে নারীর ক্ষমতায়নের কাজ করে যাচ্ছে।

৭. **সংগঠনের প্রকৃতি/Organisation Culture:** স্থানীয় নারী ও কিশোরীদের উন্নয়নে কাজ করা একটি প্রতিষ্ঠান।

৮. **টেকনিক্যাল সক্ষমতা/Technical Capacity:** সংস্থার কার্য পরিচালনার জন্য ১ জন সমন্বয়কারী, ১ জন হিসাব রক্ষক, ২ জন মাঠকর্মী এবং ৬ জন ভলেন্টিয়ার রয়েছে। এছাড়াও দুর্যোগ্য প্রতিরোধ কমিটি সহ ৪৫ জন সদস্য বিশিষ্ট সাধারণ কমিটি রয়েছে। যারা সংগঠনকে প্রয়োজনীয় টেকনিক্যাল সাপোর্ট দিয়ে থাকেন।

৯. **যোগাযোগের দক্ষতা/Communication skill :** (স্থানীয়, রাজনৈতিক ও জাতীয় পর্যায়ে): জেলা সমন্বয় সভা, উপজেলা সমন্বয় সভা, মহিলা বিষয়ক অধিদপ্তর, সমাজসেবা অধিদপ্তর এবং লোকাল থানার সাথে সম্পর্ক ভাল। তাদের আয়োজনকৃত প্রতিটি অনুষ্ঠান ও সভায় জাগরনী মহিলা ফাউন্ডেশনের প্রতিনিধি অথবা নির্বাহী পরিচালক অংশগ্রহণ করেন। এছাড়াও তিনি নিজে মেম্বার থাকায় ইউনিয়নের অন্যান্য সদস্যদের সাথে অত্যন্ত ভালো সম্পর্ক রয়েছে।

১০. **সম্পদের স্থায়িত্ব/Resource Sustainability:** সংগঠনটি সম্পূর্ণভাবে দাতা সংস্থার উপর নির্ভরশীল।

১১. সংগঠনের নাম:

অভিযান, নড়াইল।

বনানী বিশ্বাস, সভাপতি ও নির্বাহী পরিচালক, অভিযান, নড়াইল।

সক্ষমতা যাচাইয়ের সুনির্দিষ্ট ক্ষেত্র সমূহ:

১. **নেতৃত্বদানে সক্ষমতা/Leadership Capacity:** নারী ভূমি অধিকার নিয়ে সংগঠনটির সভাপতি ও নির্বাহী পরিচালক বনানী বিশ্বাস স্থানীয় ও জাতীয় পর্যায়ে নেতৃত্ব দেওয়ার সক্ষমতা রয়েছে। এছাড়াও স্থানীয় পর্যায়ে বিভিন্ন প্রশিক্ষণ ও সচেতনতামূলক কার্যক্রম পরিচালনার মাধ্যমে দলিত নারী ও কিশোরীদের নেতৃত্বদানের সক্ষমতা বৃদ্ধি করেছে। দলিত ইস্যুতে জাতীয় পর্যায়ে নেতৃত্ব দিয়ে থাকেন। দলিত অর্থাৎ হিন্দু নারীর ভূমি অধিকার নিয়ে ইতিমধ্যে কাজ শুরু করেছে এবং উত্তরাধিকার সূত্রে হিন্দু নারীদের সম্পদে অধিকার নিয়ে এডভোকেসীতে নেতৃত্ব দিতে ইচ্ছুক। স্থানীয় পর্যায়ে ইতিমধ্যে এই বিষয় নিয়ে কাজ শুরু করেছে।

২. **ব্যবস্থাপনার সক্ষমতা/Management Capacity:** (ফান্ড, কর্মী, ফিল্ড): অভিযানের কার্যকরী কমিটির সদস্য ৯ জন, ৬ জন পুরুষ এবং ৩ জন নারী এবং সবাই দলিত কমিটিকে রিপ্রেজেন্ট করেন। বেতন ভুক্ত একজন কর্মীর সংখ্যা দুইজন। একজন প্রোজেক্ট ম্যানেজার, একজন হিসাব রক্ষক। এছাড়াও ২২জন নড়াইল ও ফুলতলার ভলেন্টিয়ার রয়েছে তাদের মধ্যে ১৫ জন মেয়ে এবং ৭ জন ছেলে রয়েছে যারা অভিযানের হয়ে কাজ করা হচ্ছে। সংগঠনের প্রশাসনিক কাজও নির্বাহী পরিচালক ও সভাপতি বনানী বিশ্বাস পরিচালনা করেন। এস.এম.ই ফাউন্ডেশন, সমাজসেবা অধিদপ্তর ও সমবায় অধিদপ্তরের মাধ্যমে নারীর দক্ষতা উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি সহ উদ্যোগজ্ঞা তৈরি কাজ করা হয়। বেশিরভাগ নড়াইল জেলায় বিভিন্ন সরকারি প্রকল্পের সাথে যুক্ত হয়ে কাজ করে থাকে। অলকাপুরী গ্রামে তাদের ২০০ জন নারী সদস্য রয়েছে। বর্তমানে কোন প্রকার দাতা সংস্থার অনুদান নেই। সরকারি ও সংগঠনের নিজেস্ব তহবিল হতে মোট খরচের পরিমাণ ছিল প্রায় ৭ লক্ষ টাকা।

৩. নতুন বিষয় গ্রহণের ক্ষমতা/Adoption Capacity: হিন্দু আইনে উত্তরাধিকার সম্পত্তিতে নারীর অধিকার প্রতিষ্ঠায় হিন্দু নারীদের অধিকার সম্পর্কেও সচেতনতা বৃদ্ধির মাধ্যমে জাতীয় পর্যায়ে এ্যাডভোকেসী করার জন্য মার্চ পিটিশনে সই নিয়েছেন। সংগঠনটির নতুন বিষয় কাজ করার সক্ষমতা রয়েছে।

৪. সক্ষমতা/Strength: সরকারি বিভিন্ন দপ্তর পুরুষের তুলনায় মেয়েদের কথাকে গুরুত্ব বেশি দেয়। যেমন দলিত নারীদের যে সকল সমস্যা রয়েছে অথবা দলিত সম্প্রদায়ের মানুষ যে সকল বৈষম্যের শিকার হয়ে থাকে সেগুলো মেয়ে হয়ে বলার জন্য প্রাধান্য বেশি পাওয়া যায়। ঠিকমত সমস্যা উপস্থাপন করলে দ্রুত কাজ করা যায়। দলিত ইস্যু নিয়ে জাতীয় পর্যায়ে কাজ করার সক্ষমতা রয়েছে।

৫. দুর্বলতা/Weakness: সংগঠনে কর্মী ও আর্থিক সংকট রয়েছে। ব্যক্তিগত বনানীকে অভিযানের বনানী ছাড়িয়ে যেতে পারেনি।

৬. ক্ষমতায়ন/Empowerment: প্রশিক্ষণ ও সচেতনতা বৃদ্ধির মাধ্যমে নারীদের ক্ষমতায়ন করে থাকে। অলকাপুরী ইয়োলো গ্যাং (কিশোরীদল) এর মাদক ও বাল্যবিবাহ বন্ধে কাজ করে কিশোরীদের নেতৃত্বের সক্ষমতা তৈরি করছেন।

৭. সংগঠনের প্রকৃতি/Organisation Culture: দলিত মানুষের অধিকার নিয়ে কাজ করা একটি স্থানীয় সংগঠন।

৮. টেকনিক্যাল সক্ষমতা/Technical Capacity: সংগঠনে কর্মী ও আর্থিক সংকট থাকায় টেকনিক্যাল সক্ষমতা কম রয়েছে।

৯. যোগাযোগের দক্ষতা/Communication skill: (স্থানীয়, রাজনৈতিক ও জাতীয় পর্যায়ে): স্থানীয় সরকার ও অন্যান্য সরকারি দপ্তর অভিযানের সম্পর্ক অত্যন্ত ভাল। সরকারি বিভিন্ন দপ্তরের সাথে সমন্বয়ের মাধ্যমে অভিযান দলিত ও দরিদ্র জনগোষ্ঠীর জন্য নারীদের নিয়ে কাজ করে থাকে। এছাড়াও দলিত ইস্যুতে জাতীয় পর্যায়ে অভিযানের না থাকলেও বনানী বিশ^াসকে যথেষ্ট গুরুত্ব দেওয়া হয়। অভিযান ফান্ডের বা আর্থিক অনুদান নিয়ে জাতীয় পর্যায়ে কাজ করার সক্ষমতা রয়েছে।

১০. সম্পদের স্থায়িত্ব/Resource Sustainability: বর্তমানে কোন দাতা সংস্থার অনুদান না থাকা কমিটির সদস্যরা ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিদের নিকট হতে অনুদান সংগ্রহের মাধ্যমে সংগঠনটি তার কার্যক্রম পরিচালনা করছে।

১২. সংগঠনের নাম:

স্পার্ক, রাজ্জামাটি।

মুক্তাগ্রী চাকমা সাথি, সভাপতি ও নির্বাহী পরিচালক, স্পার্ক, রাজ্জামাটি।

নিধি চাকমা, ইয়ুথ মোবাইলাইজার, স্পার্ক, রাজ্জামাটি।

সক্ষমতা যাচাইয়ের সুনির্দিষ্ট ক্ষেত্র সমূহ:

১. নেতৃত্বদানে সক্ষমতা/Leadership Capacity: সংগঠনের ১০০ জন ভলেন্টিয়ারদের বিভিন্ন প্রশিক্ষণে যুক্ত করার মাধ্যমে তাদের সক্ষমতা বৃদ্ধি করছে। এছাড়াও সংগঠনটির আদিবাসী চাকমাদের মধ্যে নেতৃত্বদানের সক্ষমতা রয়েছে।

২. ব্যবস্থাপনার সক্ষমতা/Management Capacity: (ফান্ড, কর্মী, ফিল্ড): স্পার্ক এর কমিটিতে সদস্য সংখ্যা মোট ৬ জন যার মধ্যে নারী ৪ জন এবং ২ জন পুরুষ রয়েছে। এই কমিটি মেম্বারদের মধ্যে ২জন বাঙ্গালী রয়েছেন। সংগঠনে বর্তমানে দুইজন বেতনভুক্ত কর্মী রয়েছে। এছাড়াও প্রায় ১০০ জন ভলেন্টিয়ার রয়েছে। নিধি চাকমা নিজেই এখানে জেন্ডার এক্সপার্ট হিসেবে আছে। যেহেতু স্পার্ক রিসার্চ বেজড সংগঠন সেহেতু আমাদের ভলেন্টিয়ার উপর বেশি নির্ভর করা লাগে। ব্রাক এর জেপিজে, ডব্লিউ.জি.জি, বহিঃশিক্ষা ও ক্রিয়া এর সাথে রিসার্চবেজড ৪ টি প্রকল্প বাস্তবায়ন করেছে এবং গত বছরের বাজেটের পরিমাণ ছিল প্রায় ৫,০০০ ডলার।

৩. নতুন বিষয় গ্রহণের ক্ষমতা/Adoption Capacity: সরাসরি বেনেফিসিয়ারী না থাকায় এবং গবেষণাভিত্তিক সংগঠন হওয়ায় মাঠ পর্যায়ে কাজের সক্ষমতা কম রয়েছে।

৪. সক্ষমতা/Strength: সার্ভের মাধ্যমে প্রায় ২৫০০ জনের নিকট তারা পৌছাতে পেরেছেন এবং তারা এই আদিবাসী নারীদের ডাটাসীট তৈরি করেছেন। কমলা ভাসিন ফেলোসীপের সদস্য হিসেবে যুক্ত হয়েছেন। এছাড়াও স্থানীয় পর্যায়ের তাদের হেডম্যান ও রাজার কাছে প্রথাগত আইনে নারীতে ভূমি অধিকার নিশ্চিত করার জন্য সুপারিশ করছেন।

৫. দুর্বলতা/Weakness: দাতা সংস্থার অনুদান নেই, সংগঠনের রেজিস্ট্রেশন এখনও করা হয় নাই, কর্মী স্বল্পতা, রিসার্চ বেজড সংগঠন হওয়া সরাসরি সুবিধাভোগী নেই।

৬. ক্ষমতায়ন/Empowerment: বিভিন্ন প্রশিক্ষণ ও সচেতনতামূলক কার্যক্রম পরিচালনার মাধ্যমে আদিবাসী নারীদের নেতৃত্বের বিকাশ ঘটছে।

৭. সংগঠনের প্রকৃতি/Organisation Culture: স্থানীয় আদিবাসী ও গবেষণা ভিত্তিক সংগঠন।

৮. টেকনিক্যাল সক্ষমতা/Technical Capacity: অনলাইন ও অফলাইন সংগঠনটি টেকনিক্যাল সার্পোর্ট দেওয়ার সক্ষমতা রয়েছে।

৯. যোগাযোগের দক্ষতা/Communication skill: (স্থানীয়, রাজনৈতিক ও জাতীয় পর্যায়ে): স্থানীয় সরকার (রাজা, হেডম্যান, কারবারি, চেয়ারম্যান ও মেম্বর) ও অন্যান্য সরকারি দপ্তর গুলোর সাথে খুবই ভাল সম্পর্ক রয়েছে। এছাড়াও অন্যান্য এনজিও ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিদের সাথে খুবই ভাল সম্পর্ক রয়েছে। কিছুদিন আগেই কারবারি ও হেডম্যানদের যুবদের সাথে প্রথাগত আইন নিয়ে একটি ওয়ার্কশপে আমন্ত্রণ জানালে তারা সেই প্রোগ্রামে অংশগ্রহণ করে।

১০. সম্পদের স্থায়িত্ব/Resource Sustainability: বিভিন্ন সংগঠনের গবেষণা ও গবেষণার রিপোর্ট তৈরির মাধ্যমে সংগঠনটি অনুদান সংগ্রহ করে থাকে।